

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd

তারিখঃ ২৮ নভেম্বর ২০২২
১৩ অগ্রহায়ণ ১৪২৯


প্রেস রিলিজ

২৮ নভেম্বর ২০২২ তারিখ রোজ সোমবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে এবং জেলা প্রশাসন, গোপালগঞ্জের সার্বিক সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে “প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন” বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়। জনাব শাহিদা সুলতানা, জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সালমা আখতার জাহান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। সেমিনারে আরো উপস্থিত ছিলেন জনাব আজহারুল ইসলাম, উপপরিচালক, স্থানীয় সরকার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব এ. কে. এম. হেদায়েতুল ইসলাম, জেলা চেম্বার অব কমার্সের প্রতিনিধি, স্থানীয় ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, জনপ্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সেমিনারে উপস্থিত অতিথিবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা এবং কমিশনের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে অনুষ্ঠানের সভাপতি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন মহোদয়কে স্বাগত বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান। চেয়ারপার্সন জাতির পিতা এবং ১৫ আগস্টের কালো রাত্রিতে শাহাদাত বরণকারী সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন যে, জাতির পিতা অনেক ত্যাগ তিতিক্ষা করে আমাদেরকে স্বাধীন সার্বভৌম ভূ-খণ্ড উপহার দিয়ে গেছেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে আমরা বিশ্বে উন্নয়নের রোল মডেল হিসেবে পরিচিতি লাভ করেছি। ধারাবাহিক উন্নয়নের পথ পরিক্রমায় দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড ক্রমাশয়ে বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষাপটে বর্তমান সরকারের সময়কালে ২০১২ সালে প্রতিযোগিতা আইন, ২০১২ প্রণীত হয় এবং একই বছরে সরকার গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন গঠন করে। উক্ত আইন ও কমিশন সম্পর্কে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে এবং ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতার সংস্কৃতি গড়ে তুলতে কমিশন জাতীয় পর্যায়ে সহ বিভাগীয় ও জেলা পর্যায়ে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করছে বলে সেমিনারে কমিশনের চেয়ারপার্সন উল্লেখ করেন।

উক্ত সেমিনারে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলী কমিশন কর্তৃক গৃহিত কার্যক্রম, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

পণ্য ও সেবা উৎপাদন, সরবরাহ ও বাজারজাতকরণের সঙ্গে সম্পৃক্ত শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান সমূহকে Competition Compliance Program (CCP) চালু করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে বলে সেমিনারে কমিশনের চেয়ারপার্সন জানান। কমিশনের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করার পরামর্শ প্রদান করে সফলতার সাথে এ সেমিনার আয়োজনে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের জন্য তিনি জেলা প্রশাসক-কে ধন্যবাদ জানিয়ে সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।



(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২

ই-মেইল : shekhrubeldu@gmail.com